

দুই দফা দাবিতে আমরণ অনশনে জাৰি শিক্ষার্থী

জাৰি সংবাদদাতা।

প্রকাশিত: ১৫:০২, ২৯ ডিসেম্বর ২০২৪



ছবি: আমরণ অনশনে বসছে জিয়া উদ্দিন আয়ান

দুই দফা দাবিতে আমরণ অনশনে বসেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী। ও শিক্ষার্থীর নাম জিয়া উদ্দিন আয়ান। তিনি বিশ্ববিদ্যালয়ের ৫০ ব্যাচের সরকার ও রাজনীতি বিভাগের ছাত্র।

রবিবার (২৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টা থেকে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনে সামনে অনশন শুরু করেন তিনি।

তার দাবিগুলো- জুলাই আন্দোলনে শিক্ষার্থীদের উপর হামলাকারীদের বিচার ও অবিলে জাকসু নির্বাচনের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।

জিয়া উদ্দিন আয়ান বলেন, জুলাই গণঅভ্যুত্থানে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের উপর ছাত্রলীগ তাদের দোসররা হামলা চালায়। অথচ হামলাকারীদের গ্রেফতার বা বিচার নিশ্চিত এখন পর্যন্ত প্রশাসন কোন দৃশ্যমান পদক্ষেপ নিতে পারেনি। হামলাকারীরা প্রকাশ্যে ক্যাম্পাসে ঘু

বেড়াচ্ছে, ক্লাস-পরীক্ষায় অংশ নিচ্ছে। গত সেপ্টেম্বর মাসে তদন্ত কমিটি গঠন করা হয়েছে যার মেয়াদ ছিলো ত্রিশ কর্ম দিবস। অথচ চার মাস পেরিয়ে গেলেও তারা কোন রিপোর্ট এবং মামলা গ্রহণের কোন প্রস্তুতি নিতে পারেনি। আমি এই ব্যাপারে হতাশ, এবং আজকে এ কারণেই দুই দফা দাবিতে আমরা অনশনে বসেছি।

তিনি আরও বলেন, জুলাই গণঅভ্যুত্থান বিচার কার্য নিয়ে আন্দোলনে সরব হওয়ায় আমাকে এক অজ্ঞাত ব্যক্তি প্রাণনাশের হুমকি দিয়ে পালিয়ে যায়। এখন পর্যন্ত সেই হুমকিদাতাকে চিহ্নিত করতে পারেনি প্রশাসন। এ বিষয়ে আমি থানায় জিডি করলেও কোনো পদক্ষেপ নেয়নি। এছাড়া জুলাই বিপ্লবের ৯ দফার সাত নম্বর দফা ছিল যে প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ কার্যকর করা। কিন্তু এখন পর্যন্ত এই অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্র সংসদ জাকসু কার্যকর করার জন্য কোন দৃশ্যমান পদক্ষেপ নেয়নি। দাবিগুলো মানা না হলে আমি অনশন চালিয়ে যাবো।

এদিকে অনশনের এক পর্যায়ে ঘটনাস্থলে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সোহেল আহমেদ উপস্থিত হন। তিনি জানান, তদন্ত কমিটির কাছ থেকে আমরা জেনে আগামী ৭ জানুয়ারির মধ্যে প্রাথমিক তদন্ত এবং ২১ জানুয়ারির মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়া হবে। এছাড়া উপাচার্য মহোদয় আগামীকাল জাকসু নির্বাচনের জন্য রোডম্যাপ ঘোষণা করবেন।
